গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু ভবন, বনানী, ঢাকা
www.bba.gov.bd

স্মারক নং: ৫০.০০.০০০০.১৪৬.০০.০১৬-১৬ - ৭৮৫

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৫ / ১১ ডিসেম্বর ২০১৮

## সভার নোটিশ

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং: ০৩.০৮১.০৪৬.০০.০০.১০.২০১৮-১১৯, তারিখঃ ২৩-১০-২০১৮

আগামী ১৮ ডিসেম্বর, ২০১৮ তারিখ রবিবার বিকাল ০৩.০০ টায় "নির্মীয়মাণ সেতুর Life Time নির্ধারণ এবং মেরামত ও রক্ষাণাবেক্ষন সংক্রান্ত নীতিমালা" প্রণয়ন সংক্রান্ত কমিটির সভা সেতু বিভাগের সিনিয়র সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম এর সভাপতিত্বে সেতু বিভাগের সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় অংশগ্রহণের জন্য/ উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০৩ পাতা।

(কবির আহমেদ)
প্রধান প্রকৌশলী
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
ও
সদস্য-সচিব
ফোন: ৫৫০৪০৩১৩

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

} অতিরিক্ত সচিব পর্যায়ের একজন কর্মকর্তাকে সভায় অংশগ্রহণের জন্য মনোনয়ন প্রদানের অনুরোধসহ

৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা-নগর, ঢাকা।
৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা-নগর, ঢাকা।
৫। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

} একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ

৬। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১। সিনিয়র সচিব/নির্বাহী পরিচালক মহোদয়ের একান্ত সচিব, সেতু বিভাগ/বাসেক, ঢাকা।
২। উপ-পরিচালক (প্রশাসন), বাসেক, ঢাকা (তাকে উক্ত সভায় আপ্যায়ন ব্যবস্থা করার জন্য অনুরোধ জানানো হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

সিনিয়র সচিবের দপ্তর, সেতু বিভাগ
ডাইরী নং ... তারিখ ...
অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন)
যুগ্ম সচিব (প্রশাসন/উন্নয়ন)
প্রকল্প পরিচালক ... DS (PAD)
একান্ত সচিব/ব্যক্তিগত কর্মকর্তা
স্বাক্ষর

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৮১.০৪৬.০০.০০.১০.২০১৮-১১৯

তারিখ ০৮ কার্তিক, ১৪২৫
২৩ অক্টোবর, ২০১৮

*বিষয়ঃ* **Roads and Building Maintenance** *বিষয়ক নির্দেশনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।*

উপর্যুক্ত বিষয়ে গত ১০.১০.২০১৮ তারিখে মুখ্য সমন্বয়ক (এসডিজি) প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভাপতিত্বে (ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে) একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

*সংযুক্তিঃ* বর্ণনা মোতাবেক (৬ পৃষ্ঠা)।

২৩/১০/১৮
(ড. মোঃ সহিদউল্যাহ)
পরিচালক-১৪
☎৫৫০২৯৪৩৪
ই-মেইলঃ dir14@pmo.gov.bd

*বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)*

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, সেতু বিভাগ, বনানী, ঢাকা।
০৩। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা-নগর, ঢাকা।
১২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা-নগর, ঢাকা।
১৩। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৪। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।

*অনুলিপি ঃ (সদয় অবগতি ও কার্যার্থে)*

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব/মুখ্য সমন্বয়ক(এসডিজি)/সচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

বিষয় ঃ Roads and Building Maintenance *বিষয়ক নির্দেশনা সংক্রান্ত (ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।*

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আবুল কালাম আজাদ, মুখ্য সমন্বয়ক(এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়। |
| সভার তারিখ ও সময় | ঃ | ১০.১০.২০১৮, বিকাল ৩.০০ ঘটিকায়। |
| সভার স্থান | ঃ | সভাকক্ষ( দোতলা ), প্রধানমন্ত্রীর কার্যালয়। |

উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

০২। তিনি তার সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে ০৭ আগস্ট ২০১৮ তারিখে Roads and Building Maintenance বিষয়ে প্রেরিত নির্দেশনা অবহিত করেন এবং উপস্থিত সকলকে এ বিষয়ে তাঁদের মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করেন।

০৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জানান যে, নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। পূর্ণাঙ্গ প্রতিবেদন তৈরি করা সম্পন্ন হলে তা প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরণ করা হবে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব অবহিত করেন যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক গৃহীত কার্যক্রম বিষয়ে একটি প্রতিবেদন তৈরি করা হচ্ছে। শীঘ্রই প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরণ করা হবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব অবহিত করেন যে, প্রদত্ত নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনা তৈরি করা হচ্ছে।

০৪। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বর্তমানে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ভবন নির্মাণের ক্ষেত্রে যে সকল বিধি-বিধান অনুসরণ করেন তা সভায় অবহিত করেন। তিনি আরো জানান যে, নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য গণপূর্ত অধিদপ্তর, রাজউক ও গৃহায়ন অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং একটি কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে। এ বিষয়ে একটি প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হবে। স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগকে রাস্তা এবং ভবনের Life Time নির্ধারণ এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ে একটি কর্ম-পরিকল্পনা প্রেরণের জন্য নির্দেশনা প্রেরণ করা হয়েছে। শীঘ্রই কার্য-পরিকল্পনা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হবে।

০৫। কৃষি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জানান, তাদের স্থাপনার সংখ্যা তুলনামূলকভাবে কম। প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করেন। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয় সভায় অবহিত করেন যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ স্থাপনা সমূহের Life Time নির্ধারণ এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ে একটি কর্ম পরিকল্পনার প্রস্তুত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। শিঘ্রই কর্ম-পরিকল্পনা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হবে। স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব জানান যে, প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক নির্দেশনা মোতাবেক একটি কর্মপরিকল্পনা তৈরি করা হচ্ছে।

০৬। সড়ক ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব বর্তমানে রাস্তা নির্মাণের ক্ষেত্রে যে সকল বিধি-বিধান অনুসরন করা হয় তা সভায় অবহিত করেন। অতিরিক্ত প্রকৌশলী সড়ক অধিদপ্তর উল্লেখ করেন যে, রাস্তার Life Time নির্ভর করে নির্মানে ব্যবহৃত সামগ্রী ও রাস্তার ব্যবহারের উপর। তিনি বর্তমানে অনুসরণকৃত বিষয়ে আলোকপাত করেন এবং একটি সমন্বিত নীতিমালার উপর গুরুত্ব আরোপ করেন। সেতু বিভাগের অতিরিক্ত সচিব জানান যে, সেতু বিভাগ শুধুমাত্র দীর্ঘ সেতু নির্মাণের সাথে জড়িত। সেতুর Life Time নির্ধারণ এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ে একটি কর্ম-পরিকল্পনা করার জন্য প্রকৌশল অনুবিভাগকে নির্দেশনা প্রদান করা হয়েছে। শীঘ্রই কার্য-পরিকল্পনা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হবে।

১০। মুখ্য সমন্বয়ক (এসডিজি) প্রধানমন্ত্রীর কার্যালয় সকল বিভাগ ও মন্ত্রণালয়ের ভবন ও রাস্তা নির্মাণ এবং মেরামত ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে একই রকম বিধি বিধান করা যায় কিনা এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ একটি সমন্বিত নীতিমালার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। অতিরিক্ত প্রধান প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জানান যে, বর্তমানে National Building Code, গণপূর্ত মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনের অনুমোদিত নীতিমালা অনুসরণ করা হচ্ছে।

*সার্বিক আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ*

(ক) নির্মীয়মাণ সরকারি ভবনের Life Time নির্ধারণ এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়নের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সভাপতি |
| (২) | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য সচিব |
| (৩) | অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | - | সদস্য |
| (৪) | অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য |
| (৫) | অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | - | সদস্য |
| (৬) | অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| (৭) | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| (৮) | প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| (৯) | প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| (১০) | প্রতিনিধি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | - | সদস্য |
| (১১) | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | - | সদস্য |
| (১২) | প্রতিনিধি, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | - | সদস্য |
| (১৩) | প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | - | সদস্য |

(খ) নির্মীয়মাণ রাস্তার Life Time নির্ধারণ এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়নের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | - | সভাপতি |
| (২) | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | - | সদস্য সচিব |
| (৩) | অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য |
| (৪) | প্রধান প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| (৫) | প্রতিনিধি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | - | সদস্য |
| (৬) | প্রতিনিধি, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | - | সদস্য |
| (৭) | প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | - | সদস্য |

(গ) নির্মীয়মাণ সেতুর Life Time নির্ধারণ এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়নের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | সিনিয়র সচিব, সেতু বিভাগ | - | সভাপতি |
| (২) | প্রধান প্রকৌশলী, সেতু কর্তৃপক্ষ | - | সদস্য সচিব |
| (৩) | অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | - | সদস্য |
| (৪) | অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য |
| (৫) | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| (৬) | প্রতিনিধি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | - | সদস্য |
| (৭) | প্রতিনিধি, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | - | সদস্য |
| (৮) | প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | - | সদস্য |

(ঘ)

(১) উপর্যুক্ত কমিটি আগামী এক মাসের মধ্যে প্রতিবেদন তৈরি করবেন:
(২) প্রণীত প্রতিবেদনের বিষয়ে জাতীয় পর্যায়ে সেমিনার আয়োজন করবেন;
(৩) প্রত্যেক কমিটির চূড়ান্ত প্রতিবেদন সর্বোচ্চ ৩ (তিন) মাসের মধ্যে মন্ত্রিপরিষদ সভায় উপস্থাপন করবেন;
(৪) প্রত্যেক কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন ।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন ।

২৭/১০/২০২১

( মোঃ আবুল কালাম আজাদ )
মুখ্য সমন্বয়ক(এসডিজি)
প্রধানমন্ত্রীর কার্যালয়